তারিখ
পৃষ্ঠা … কলাম …
02 2002

# অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী

ইত্তেফাক রিপোর্ট ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীরা গতকাল বৃহস্পতিবার কেন্দ্রীয় শহীদ মিনারে আয়োজিত এক সমাবেশে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়ে বলেছে, বিশ্ববিদ্যালয় খোলার পর আনন্দ মিছিল বের করা হবে। পাশাপাশি তারা ৬ দফা বাস্তবায়নেরও দাবী জানায়। ছাত্র-ছাত্রীদের এই সমাবেশে ভাষা সৈনিক আবদুল মতিন, প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আনু মাহমুদ, অভিভাবক নূর মোহাম্মদ এবং শামসুন্নাহার হলের ছাত্রী লাকি বক্তৃতা করেন। সাধারণ ছাত্র-ছাত্রীরা বলেন, আমাদের ৭ দফার মূলদাবী ভিসি ও প্রক্টরের পদত্যাগ বাস্তবায়িত হয়েছে। এ জন্য আমরা আনন্দিত। তাদের অন্য দাবীগুলো হলো ঃ অবিলম্বে বিশ্ববিদ্যালয় ও হল খোলা, ক্যাম্পাস থেকে পুলিশ ও বিডিআর প্রত্যাহার, ছাত্র-শিক্ষকদের নামে দায়েরকৃত মামলা তুলে নেয়া, শামসুন্নাহার হলে তান্ডবের ঘটনায় জড়িত পুলিশ সদস্যদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, ছাত্রী হলের ঘটনার পর অনুষ্ঠিত পরীক্ষা পুনরায় গ্রহণ এবং প্রক্টোরিয়াল আইন সংশোধন। আব্দুল মতিন বলেন, '৫২ ও '৭১-এর পর সাধারণ (১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

ছাত্র-ছাত্রীদের আবার বিজয় হয়েছে। ছাত্ররা গণতান্ত্রিক আন্দোলনের শক্তি। যারা গণতান্ত্রিক তাদের সঙ্গে আছে তারা।

সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, এবার ছাত্র-ছাত্রীরা শহীদ মিনারকে কেন্দ্র করে অভ্যুত্থান ঘটিয়েছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে এখন সংস্কৃতি ও মতাদর্শের চর্চার জায়গা নেই।

আনু মোহাম্মদ বলেন, আন্দোলন না থাকলে দোষীরা শাসকের ভূমিকায় অবতীর্ণ হয়। মাস্তান ও মেরুদন্ডহীনদের নিয়ে সরকার বিশ্ববিদ্যালয় চালাতে চায়।

লাকী বলেন, আমাদের হুমকি দেয়া হচ্ছে তদন্ত কমিটির কাছে যেন মুখ না খুলি। ৬ জন হাউজ টিউটরদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হোক।

'নির্যাতন বিরোধী ছাত্র-ছাত্রী' ব্যানারে আয়োজিত এই সমাবেশে সাবেক ভিসি অধ্যাপক আজাদ চৌধুরী, অধ্যাপক মোজাফফর আহমদ প্রমুখ এবং পাঁচ শতাধিক ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। সমাবেশে গণসঙ্গীত পরিবেশিত হয়।

### ১৮৫ জনের বিবৃতি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৮৫ জন ছাত্র-ছাত্রী গতকাল এক যৌথ বিবৃতিতে অধ্যাপক এএফএম ইউসুফ হায়দার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি'র দায়িত্ব গ্রহণ করায় তাকে অভিনন্দন জানিয়েছে। বিবৃতিতে ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনতে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানায়। ৩৯৩ জন ছাত্র-ছাত্রী পৃথক বিবৃতিতে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়ে ক্যাম্পাসকে বহিরাগত মুক্ত করার দাবী জানিয়েছে।

সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি নাসির উদ্দিন ইউসুফ ও সাধারণ সম্পাদক গোলাম কুদ্দুস গতকাল এক বিবৃতিতে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের নামে দায়েরকৃত মামলা প্রত্যাহারসহ ছাত্র-ছাত্রীদের সকল দাবী মেনে নেয়ার আহ্বান জানিয়েছে।